

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫১৭.২০১৭-২৫৪৩

তারিখ : ১৭/০২/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৭০২৯/২০১৭, পিটিশনার জনাব ফয়হাদ হোসেন, পিতা - মোঃ মোনাজ উদ্দিন, গ্রাম - পাথরী
ধানা ইসলামপুর, জেলা - জামালপুর ও অন্যান্য ২৪ জন - বনাম-সরকার ও অন্যান্য।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের নবসৃজিত “হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে পিটিশনারের চাকুরী রাজস্ব খাতে নিয়মিতকরণের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ১০ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেষ্ট পিটিশনারের চাকুরী রাজস্ব খাতে নিয়মিতকরণের জন্য কেন নির্দেশনা দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মামলায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ; সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে ২নং প্রতিপক্ষ; সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়কে ৩নং প্রতিপক্ষ; সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে ৪নং প্রতিপক্ষসহ মোট ১০ (দশ) জনকে প্রতিপক্ষ শ্রেণীভুক্ত করা হয়েছে। বিজ্ঞ আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-১৭০২৯/২০১৭ মামলাটি সরকারের পক্ষে প্রতিদ্বন্দ্বিতা/ আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারি আইনজীবীর পাশাপাশি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্ত : রুল, ওকালতনামা ও আনুষঙ্গিক কাগজপত্রফর্দ।

(মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

এ্যাডঃ জনাব মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ২। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা;
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৮৩/বি, মালিবাগ, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি